

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ৭১৯. ২০১৫-৭৬০

তারিখঃ ২৩-০৩-২০১৬খ্রিঃ।


বিষয়ঃ রীট পিটিশন নং-১২৬৫৭/২০১৫ মামলায় সরকার পক্ষে দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ (১) ৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ০৩৮. ২০১৬-২৯২, তারিখঃ ২১-০১-২০১৬খ্রিঃ;

(২) স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখার গত ২২-০২-২০১৬খ্রিঃ তারিখের ২২৭ সংখ্যক স্মারক।

পটুয়াখালী জেলার বাউফল পৌরসভার সীমানা সম্প্রসারণ করে ১১নং দাসপাড়া ইউনিয়ন পরিষদের অংশবিশেষ অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত বর্ণিত রীট পিটিশনে সরকার পক্ষে দফাওয়ারী জবাব এ বিভাগে প্রেরণের জন্য সূত্রোক্ত ১নং স্মারকে জেলা প্রশাসক, পটুয়াখালী ও মেয়র, বাউফল পৌরসভা, পটুয়াখালীকে অনুরোধ করা হয়। চাহিত জবাব অদ্যাবধি পাওয়া যায়নি। মামলাটি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সরকার পক্ষে দফাওয়ারী জবাব প্রেরণ আবশ্যিক।

০২। এমতাবস্থায়, সরকারি স্বার্থ বিবেচনায় বর্ণিত রীট পিটিশনে সরকার পক্ষে দফাওয়ারী জবাব জরুরি ভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো। উল্লেখ্য, যথাসময়ে জবাব প্রদান করা না হলে বর্ণিত রীট পিটিশনে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তর সংশ্লিষ্টদের উপর বর্তাবে।



(সৈয়দ মোঃ নুরুল বাসির)

সিনিয়র সহকারী সচিব

☎ ৯৫৪০৯৯৫।

০১। জেলা প্রশাসক
পটুয়াখালী।

০২। মেয়র
বাউফল পৌরসভা, জেলা-পটুয়াখালী।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। সিনিয়র সহকারী সচিব (ইপ-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ (বর্ণিত বিষয়ে মাননীয় হাইকোর্ট বিভাগের কোন নির্দেশনা না থাকায় আপীল দায়েরের প্রয়োজন নেই মর্মে নির্দেশক্রমে তাঁকে অবহিত করা হলো)।

০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।